



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১৩৩০

তারিখঃ ২৫/০৩/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫১৩ তম কমিশন সভা অদ্য ২৫/০৩/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ (বিডিবিএল) পরিচালিত প্রথম বিএসআরএস মিউচুয়াল ফান্ড এর অবলুপ্তির উদ্দেশ্যে প্রস্তুতকৃত নিরীক্ষা প্রতিবেদন এবং ট্রাস্টি প্রতিবেদন কমিশন কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী ইউনিট হোল্ডারগণ প্রাথমিকভাবে ইউনিট প্রতি টাঃ ১০৫.৩২ প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, ফান্ডটির অবলুপ্তির পরবর্তী প্রক্রিয়া সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ৫৪ ধারা অনুসরণপূর্বক সম্পন্ন হবে।
২. কমিশন আজকের সভায় UFS Unit Fund নামক বে-মেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ড এর খসড়া ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি অনুমোদন করেছে। মিউচুয়াল ফান্ডটির আকার হচ্ছে ১০ কোটি টাকা এবং সম্পদ ব্যবস্থাপক এর দায়িত্বে নিয়োজিত রয়েছে Universal Financial Solutions Ltd.। UFS Unit Fund এর ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে যথাক্রমে নিয়োজিত রয়েছে বাংলাদেশ জেনারেল ইস্যুরেন্স কোঃ লিঃ এবং ব্রাক ব্যাংক লিঃ।
৩. Far East Knitting & Dyeing Industries Limited এর ২৭ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ১৭ টাকা প্রিমিয়ামসহ) মূল্যমানের ২.৫০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৬৭.৫০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে BMRE, ব্যাংকের টার্ম ঋণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। Far East Knitting & Dyeing Industries Limited এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের আর্থিক প্রতিবেদনসহ বিগত ৫ বছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী weighted average শেয়ার প্রতি আয় (EPS) ৩.২৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৯.০৮ টাকা (পুনঃমূল্যায়িত)। উল্লেখ্য, Far East Knitting & Dyeing Industries Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investment Limited।
৪. কমিশন Mercantile Bank Limited এর ৩০০ কোটি টাকার Coupon-Bearing Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ০৭ বছর। প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে বর্তমান শেয়ারহোল্ডার ব্যতীত ব্যাংক, অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, ইস্যুরেন্স কোম্পানীসমূহ, সম্পদ ব্যবস্থাপক কোম্পানীসমূহ, মিউচুয়াল ফান্ড, মার্চেন্ট ব্যাংক এবং উচ্চ Net Worth সম্পন্ন ব্যক্তিই শুধুমাত্র এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, offer document অনুযায়ী এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Mercantile Bank Limited, Tier II মূলধন এর ভিত্তি শক্তিশালীকরণ তথা Basel II অনুযায়ী ক্যাপিটাল এডিকুয়েসি রেশিও (CAR) বৃদ্ধিকরনের কাজে ব্যয় করবে। Mercantile Bank Limited Coupon-Bearing Subordinated Bond এর প্রতিটি লট এর অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের কুপন রেট হবে ইস্যুর ব্যাংক ব্যতীত অন্যান্য তফসিলি প্রাইভেট ব্যাংকের ৬ মাসের গড় স্থায়ী ইস্যুর আমানত অথবা ইস্যুর ব্যাংকের ৬ মাসের গড় স্থায়ী আমানত হার এর মধ্যে যেটি বেশী হয় তার উপর ৩% তবে কুপন রেট সর্বনিম্ন হবে ১২% এবং সর্বোচ্চ ১৫%।

  
২৫/০৩/২০১৪

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র